৪৬.০৫.০০০০.০০০.৯৯.০২৮.২৪-১-২০২৪০৯১০_১২২২১৮

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৯৯.০২৮.২৪ নথির বিষয়: শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ঢাকা ওয়াসা'র পক্ষ হতে বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪ টি,এস,সি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বোতলজাত পানি সরবরাহে অতিরিক্ত সময়ে প্রথম তিন দিন লোকবলের বিকালের নাস্তা খরচ অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ঢাকা ওয়াসা'র পক্ষ হতে বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪ টি,এস,সি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বোতলজাত পানি সরবরাহে অতিরিক্ত সময়ে প্রথম তিন দিন লোকবলের বিকালের নাস্তা খরচ অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৯/৯/২৪ ৪:১২ অপরাহ্ন

সম্প্রতি ঘটে যাওয়া বন্যার ব্যাপক ভয়াবহতায় ফেনী, নোয়াখালী, কুমিল্লা ও চট্টগ্রাম সহ আশপাশের এলাকায় বিশুদ্ধ খাবার পানির তীব্র সংকট দেখা দিয়েছে। **ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে** বিগত **২৩/০৮/২০২৪ইং হতে ২৯/০৮/২০২৪ পর্যন্ত ০৭(সাত) দিন** একটানা দৈনিক প্রায় ৫,০০০ (পাঁচ হাজার) পিস বিভিন্ন সাইজের বোতলজাত পানি **টি,এস,সি ঢাকা বিশ্ববিদ্যালয় ও অন্যান্য ত্রাণ সংগ্রহকারীর** নিকট **ঢাকা ওয়াসা'র পক্ষ হতে বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪, বোতলজাত পানি সরবরাহ, ঢাকা ওয়াসা নামীয় ব্যানারে সরবরাহ/হস্তান্তর করা হয়েছে (কপি সংযুক্ত)।** এছাড়াও বাংলাদেশ সেনাবাহিনী, সাংবাদিক, ছাত্র-জনতা এবং ব্যক্তিগত উদ্যোগে বিভিন্ন সাইজের বোতলজাত পানি ব্যাপক হারে সরবরাহ/হস্তান্তর করা হয়েছে। শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক **অফিস সময়ের পরে অর্থাৎ বিকাল ৫:০০ টা হতে রাত ৯:০০/১০:০০ টা পর্যন্ত দৈনিক ১২/১৪ ঘণ্টা করে (অর্থাৎ অতিরিক্ত সময় প্রায় ৪:০০/৫:০০ ঘণ্টা করে) চালু রাখা হয়েছে।** বন্যার্তদের ত্রাণ সহায়তার জন্য বিভিন্ন সাইজের বোতলজাত পানির চাহিদা ব্যাপকহারে বৃদ্ধি পাওয়ায় এবং চাহিদার সাথে সমন্বয় করে প্ল্যান্টের উৎপাদন মাত্রা স্বাভাবিক রাখার স্বার্থে **ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে** অত্র প্ল্যান্ট এর লোকবলের সাথে সমন্বয় করে মডস জোন-৪, মডস জোন-৫ ও মডস জোন-১০ এর লোকবল খাটানো হয়। এতে করে দৈনিক অফিস সময়ের পরে নিম্নোক্ত হারে বিকালে নাস্তা বাবদ একটি প্রাক্কলন উপস্থাপন করা হলো। প্রাক্কলিত টাকার পরিমাণ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যাট এর ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Batol Plant Maintenance (01-04-012) খাতের SL. No-27 হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৯/৯/২৪ ৪:২২ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে অতি জরুরি বিবেচনায় শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ঢাকা ওয়াসা'র পক্ষ হতে বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪ টি,এস,সি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বোতলজাত পানি সরবরাহে অতিরিক্ত সময়ে **প্রথম তিন দিন** লোকবলের বিকালের নাস্তা খরচ কাজে উপস্থাপিত মোট ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি অনুমোদনসহ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পাদনের সদয় পোষ্ট-ফ্যাক্টো অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো, **যা অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

৯/৯/২৪ ৪:২৩ অপরাহ্ন মোহাম্মদ তৈয়ব উদ্দীন উপ-সহকারী প্রকৌশলী "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট	৯/৯/২৪ ৪:৩৫ অপরাহ্ন মোঃ ফয়সাল খান সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট	৯/৯/২৪ ৪:৩৭ অপরাহ্ন মোঃ আজিমুজ্জামান প্লান্ট ম্যানেজার "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট	~~৯/৯/২৪ ৪:৩৭ অপরাহ্ন~~ ~~মুস্তাফিজুর রহমান~~ ~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)~~

সংযুক্তিসমূহ (৪):

১। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪, বোতলজাত পানি সরবরাহ, ঢাকা ওয়াসা এর কপি।.
৩। বাংলাদেশ সেনাবাহিনী, সাংবাদিক, ছাত্র-জনতা এবং ব্যক্তিগত উদ্ধ্যোগের কপি।.
৪। আলোচ্য কাজের প্রাক্কলন।.

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৯/৯/২৪ ৮:২৩ অপরাহ্ন

Okay

৯/৯/২৪ ৮:২৩ অপরাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	৯/৯/২৪ ৮:৪৮ অপরাহ্ন মোঃ আজিমুজ্জামান প্লান্ট ম্যানেজার "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট	৯/৯/২৪ ৮:৪৮ অপরাহ্ন মোহাম্মদ তৈয়ব উদ্দীন উপ-সহকারী প্রকৌশলী "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট